Bangladesh Merchant Bankers Association

Saiham Sky View Tower (5th Floor)
45, Bijoynagar, Dhaka - 1000
Tel: 02-8392158, Fax: 02-8392159
Mobile: 01814-227983
e-mail: president.bmba@yahoo.com
president@bmba.com.bd
Website:www.bmba.com.bd

তারিখ: ০১/১০/২০২৩ইং

# বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন-এর
# ২০২৪ ও ২০২৫ দ্বি-বার্ষিক নির্বাচন তফসিল

বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন-এর সম্মানিত সকল সদস্যদেরকে জানানো যাচ্ছে যে, অত্র এসোসিয়েশনের ২০২৪ ও ২০২৫ মেয়াদের দ্বি-বার্ষিক কার্যনির্বাহী কমিটির নির্বাচন আগামী ২৩/১২/২০২৩ ইং তারিখ রোজ শনিবার নিম্নে বার্ণিত তফসিল (নির্বাচন সিডিউল) অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ

| ক্রঃ নং | বিবরণ | তারিখ | বার ও সময় |
|---|---|---|---|
| ০১ | নির্বাচন তফসিল ঘোষণা। | ০১/১০/২০২৩ | রবিবার সকাল ১০.০০টা |
| ০২ | ভোটার তালিকা তৈরির জন্য সদস্যদের বকেয়া চাঁদা ও এসেসিয়েশনের অন্যান্য পাওনা ২০২৩ সাল পর্যন্ত পরিশোধ এবং হালনাগাদ ট্রেড লাইসেন্স, মার্চেন্ট ব্যাংকার নিবন্ধন সার্টিফিকেট ও টি.আই.এন (TIN) সনদের ফটোকপি জমা দেওয়ার শেষ তারিখ। | ২৩/১০/২০২৩ | সোমবার বিকাল ৪.০০টা পর্যন্ত |
| ০৩ | প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ (এসোসিয়েশনের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে)। | ৩১/১০/২০২৩ | মঙ্গলবার বেলা ১২.০০টায় |
| ০৪ | প্রাথমিক ভোটার তালিকা সংক্রান্ত আপত্তি গ্রহন (যদি থাকে)। | ০৬/১১/২০২৩ | সোমবার বিকাল ৩.০০টা পর্যন্ত |
| ০৫ | প্রাথমিক ভোটার তালিকা সংক্রান্ত আপত্তির শুনানি গ্রহন (যদি থাকে)। | ০৯/১১/২০২৩ | বৃহস্পতিবার সকাল ১১.০০টায় |
| ০৬ | চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের তারিখ (এসোসিয়েশনের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে)। | ১২/১১/২০২৩ | রবিবার দুপুর ২.০০টায় |
| ০৭ | কার্যনির্বাহী সদস্য পদের মনোনয়ন পত্র বিতরণ শুরু। | ১৪/১১/২০২৩ | মঙ্গলবার সকাল ১০.০০টা হতে |
| ০৮ | কার্যনির্বাহী সদস্য পদের মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখ। | ২৩/১১/২০২৩ | বৃহস্পতিবার বিকাল ৩.০০টা পর্যন্ত |
| ০৯ | মনোনয়ন পত্র বাছাই ও বৈধ তালিকা প্রকাশ (এসোসিয়েশনের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে)। | ২৬/১১/২০২৩ | রবিবার বিকাল ৫.০০টা |
| ১০ | মনোনয়ন পত্র বাতিল সংক্রান্ত আপত্তি গ্রহনের শেষ তারিখ (যদি থাকে)। | ২৯/১১/২০২৩ | বুধবার বেলা ১২.০০টা পর্যন্ত |
| ১১ | মনোনয়ন পত্র বাতিল সংক্রান্ত আপত্তির শুনানি গ্রহন (যদি থাকে)। | ০২/১২/২০২৩ | শনিবার সকাল ১১.০০টায় |
| ১২ | বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ (এসোসিয়েশনের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে)। | ০২/১২/২০২৩ | শনিবার বিকাল ৪.০০টায় |
| ১৩ | প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ। | ০৭/১২/২০২৩ | বৃহস্পতিবার বিকাল ৩.০০টা পর্যন্ত |
| ১৪ | চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ (এসোসিয়েশনের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে)। | ০৭/১২/২০২৩ | বৃহস্পতিবার বিকাল ৪.০০টা |

Bangladesh Merchant
Bankers Association

Saiham Sky View Tower (5th Floor)
45, Bijoynagar, Dhaka - 1000
Tel: 02-8392158, Fax: 02-8392159
Mobile: 01814-227983
e-mail: president.bmba@yahoo.com
president@bmba.com.bd
Website:www.bmba.com.bd

| | | | |
|---|---|---|---|
| ১৫ | কার্যনির্বাহী সদস্য পদের নির্বাচন অনুষ্ঠানের তারিখ, সময়।<br><br>* স্থানঃ পরবর্তীতে অবহিত করা হবে। | ২৩/১২/২০২৩ | শনিবার<br>সকাল ১০.০০টা হতে<br>(বিরতিহীন)<br>দুপুর ১.০০টা পর্যন্ত |
| ১৬ | ভোট গণনাা শেষে নির্বাচিত কার্যনির্বাহী সদস্যদের প্রাথমিক ফলাফল প্রকাশ। | ২৩/১২/২০২৩ | শনিবার<br>ভোট গণনার পর<br>ফলাফল ঘোষণা। |
| ১৭ | নির্বাচিত কার্যনির্বাহী সদস্যদের ভোটে সভাপতিসহ অন্যান্য "কর্মকর্তা" নির্বাচন। | ২৩/১২/২০২৩ | শনিবার<br>ভোটের প্রাথমিক<br>ফলাফল ঘোষণার পর |
| ১৮ | নির্বাচন ফলাফল ঘোষণা। | ২৩/১২/২০২৩ | শনিবার<br>দুপুর ২.৩০টা |
| ১৯ | নির্বাচন ফলাফল সংক্রান্ত আপত্তি গ্রহণের শেষ তারিখ (যদি থাকে)। | ২৬/১২/২০২৩ | মঙ্গলবার<br>বিকাল ৪.০০টা পর্যন্ত |
| ২০ | ফলাফল সংক্রান্ত আপত্তির শুনানি গ্রহণ (যদি থাকে)। | ২৮/১২/২০২৩ | বৃহস্পতিবার<br>সকাল ১১.০০টা |
| ২১ | চূড়ান্ত ফলাফল ঘোষণা। | ২৮/১২/২০২৩ | বৃহস্পতিবার<br>বিকাল ৪.০০টা |

বিশেষ দ্রষ্টব্যঃ (ক) নির্বাচন আচরণ বিধির ১ (এক) সেট অত্র সাথে প্রেরণ করা হলো।

(খ) Clause 9 of Memorandum and Articles of Association of BMBA (regarding Election)

(গ) নির্বাচন সংক্রান্ত যে কোন বিষয়ে এসোসিয়েশনের কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। নির্বাচন তফসিল ঘোষণার তারিখ হতে চূড়ান্ত ফলাফল ঘোষণা পর্যন্ত শুক্র ও শনিবার এসাসিয়েশন এর অফিস নির্বাচন সংক্রান্ত কাজের জন্য সকাল ১০:০০টা হতে বিকেল ৬:০০ টা পর্যন্ত খোলা থাকবে।

(জনাবা অমিতা পোদ্দার)
সদস্য
নির্বাচন বোর্ড
Member
Election Board
Bangladesh Merchant
Bankers Association

(জনাবা কামরুন নাহার)
সদস্য
নির্বাচন বোর্ড
Member
Election Board
Bangladesh Merchant
Bankers Association

(জনাব মুহাম্মদ এ হাফিজ)
চেয়ারম্যান
নির্বাচন বোর্ড
Chairman
Election Board
Bangladesh Merchant
Bankers Association

Bangladesh Merchant Bankers Association

Saiham Sky View Tower (5th Floor)
45, Bijoynagar, Dhaka - 1000
Tel: 02-8392158, Fax: 02-8392159
Mobile: 01814-227983
e-mail: president.bmba@yahoo.com
president@bmba.com.bd
Website:www.bmba.com.bd

# বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন এর দ্বি-বার্ষিক নির্বাচন সংক্রান্ত তথ্যাবলী ও আচরণ বিধি ।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন- এর কার্যনির্বাহী পরিষদের দ্বি-বার্ষিক নির্বাচন আগামী ২৩/১২/২০২৩ইং তারিখে অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন বাণিজ্য সংগঠন বিধিমালা- ১৯৯৪, বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন- এর সংঘবিধি এবং ৩১-০৭-২০০২ইং তারিখে বাণিজ্য মন্ত্রণালয় হইতে জারীকৃত সর্বশেষ আদেশ নং এমসি/অবা-৬/সিএ-৪/২০০২/৪২২ অনুযায়ী পরিচালিত হবে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাণিজ্য মন্ত্রণালয় টিও-১ অধিশাখা, প্রজ্ঞাপন তারিখঃ ১৪ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/ ২৯ জুলাই ২০১৮ খ্রিষ্টাব্দ অনুযায়ী পরিচালিত হবে।

## নির্বাচন সংক্রান্ত তথ্যাবলী

০১। নির্বাচন তফসীলে বর্ণিত নির্বাচন অনুষ্ঠানের ১২০ তম দিবসের পূর্বে যারা সদস্য হয়েছেন এবং নির্বাচন অনুষ্ঠানের ৬০তম দিবসের পূর্বে যারা এসোসিয়েশনের সমুদয় বকেয়া পরিশোধ করেছেন, শুধুমাত্র তাদের নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা হবে। এছাড়া বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ আদেশ অনুযায়ী বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন- এর কার্যনির্বাহী পরিষদের দ্বি- বার্ষিক নির্বাচনে ভোটার তালিকায় নাম অন্তর্ভূক্তির জন্য নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই পূরণীয়।

ক) হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি।

খ) মার্চেন্ট ব্যাংকার নিবন্ধন সার্টিফিকেট

গ) টি.আই.এন সনদের সত্যায়িত কপি।

(নির্বাচন তফসীলে বর্ণিত সময়ের মধ্যে নির্বাচন বোর্ডে জমা দিতে হবে।)

০২। প্রাথমিক ভোটার তালিকা সম্পর্কে আপত্তি থাকলে উক্ত তালিকা প্রকাশের পর তফসীলে বর্ণিত তারিখের মধ্যে নির্বাচন আপীল বোর্ডের নিকট লিখিত আপত্তি জানাতে হবে। আপত্তির ব্যাপারে আপীল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত হিসেবে গণ্য হবে।

০৩। ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত নাই এমন কোন ব্যক্তি কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ নির্বাচনে প্রার্থী বা প্রস্তাবকারী বা সমর্থনকারী হতে পারিবেন না।

০৪। চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশিত হওয়ার পর থেকে মনোনয়ন ফরম সংগ্রহ করা যাবে।

০৫। মনোনয়ন পত্র বাছাইয়ের সময় প্রার্থী স্বয়ং অথবা প্রস্তাবকারী অথবা সমর্থনকারী উপস্থিত থাকতে পারবেন।

চলমান পাতা -২

Member

Member

Bangladesh Merchant Bankers Association

Saiham Sky View Tower (5th Floor)
45, Bijoynagar, Dhaka - 1000
Tel: 02-8392158, Fax: 02-8392159
Mobile: 01814-227983
e-mail: president.bmba@yahoo.com
president@bmba.com.bd
Website:www.bmba.com.bd



০৬। নির্বাচন বোর্ড কারো মনোনয়ন পত্র বাতিল করলে প্রার্থীগণের প্রাথমিক তালিকা প্রকাশের পর তফসীলে বর্ণিত তারিখ ও সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রার্থী আপীল বোর্ডের নিকট লিখিত আপত্তি দাখিল করতে পারবেন। আপীল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৭। ঘোষিত নির্বাচনের ফলাফল সম্পর্কে সংশ্লিষ্ট প্রার্থীর কোন আপত্তি থাকলে প্রাথমিক ফলাফল প্রকাশের পর তফসীলের নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে আপীল বোর্ডের নিকট লিখিত আপত্তি দাখিল করতে পারবেন। আপীল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮। নির্বাচনে ভোট দানের অধিকারী সদস্যগণ ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভোট প্রদান করবেন। প্রক্সির মাধ্যমে কোন ভোট দেওয়া যাবে না।

০৯। নির্বাচন গোপন ব্যালটের মাধ্যমে অনুষ্ঠিত হবে এবং উপস্থিত প্রত্যেক ভোটার প্রত্যেক পদের জন্য একটি ভোট প্রয়োগের অধিকারী হবেন। কার্যনির্বাহী পরিষদের ১১ (এগার) টি সদস্যপদে ১১টি ভোট প্রদান করতে হবে। ১১টির কম বা বেশি হলে ব্যালট পেপার বাতিল বলে গণ্য হবে।

১০। নির্বাচিত কার্যনির্বাহী সদস্যদের মধ্যে চেয়ারম্যান ১জন, ভাইস-চেয়ারম্যান ১জন, সেক্রেটারি জেনারেল ১জন, ট্রেজারার ১জন।

১১। প্রার্থীদের ভোটার ক্রমিক নম্বর অনুযায়ী ব্যালট পেপার ছাপা হবে।

১২। প্রার্থীর বিরুদ্ধে এসোসিয়েশনের যে কোন সদস্য কর্তৃক আনীত লিখিত অভিযোগ (প্রমান সাপেক্ষে) এর পরিপ্রেক্ষিতে নির্বাচন বোর্ড প্রয়োজনীয় ও কার্যকর ব্যবস্থা গ্রহন করিবেন এবং নির্বাচন বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। নির্বাচন সংক্রান্ত যাবতীয় নোটিশ/বিজ্ঞপ্তি এসোসিয়েশন নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

১৪। ঘোষিত নির্বাচন তফসীলের কোন কার্যক্রম যদি কোন কারনে অনুষ্ঠিত না হয় বা সরকারি ছুটি থাকলে পরবর্তী দিন তফসীলের কর্মদিবস বলে গণ্য হবে।

১৫। নির্বাচনের সকল কার্যক্রম বাণিজ্য সংগঠন বিধি, ১৯৯৪, এসোসিয়েশনের সংঘবিধি এবং বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ আদেশ (এমসি/অবা-৬/সিএ৪/২০০২/৪২২ তারিখ ৩০-০৭-২০০২ইং) অনুযায়ী পরিচালিত হবে।

| | | |
|---|---|---|
| (জনাবা অমিতা পোদ্দার) | (জনাবা কামরুন নাহার) | (জনাব মুহাম্মদ এ হাফিজ) |
| সদস্য | সদস্য | চেয়ারম্যান |
| নির্বাচন বোর্ড | নির্বাচন বোর্ড | নির্বাচন বোর্ড |
| Member | Member | |

Bangladesh Merchant
Bankers Association

Saiham Sky View Tower (5th Floor)
45, Bijoynagar, Dhaka - 1000
Tel: 02-8392158, Fax: 02-8392159
Mobile: 01814-227983
e-mail: president.bmba@yahoo.com
president@bmba.com.bd
Website:www.bmba.com.bd

# বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন এর দ্বি-বার্ষিক নির্বাচন সংক্রান্ত আচরণ বিধি।

১। নির্বাচন উপলক্ষ্যে বিজ্ঞাপন প্রদান, কোন প্রকার পোস্টার, টিকা, অথবা ব্যানার ব্যবহার করা যাইবে না।

২। মিছিল করা অথবা শ্লোগান দেওয়া সম্পুর্ণ নিষিদ্ধ থাকিবে।

৩। ভোটারদের নিকট কেবলমাত্র সাদাকালো A4 Size এর প্রচারপত্র প্রেরণ করা যাইবে, তবে কোন রকম উপঢৌকন প্রেরণ করা যাইবে না।

৪। কোন প্রার্থী একক অথবা দলবদ্ধভাবে কোন হোটেল, রেস্তোরা বা কমিউনিটি সেন্টারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচনী ও পরিচিতি সভা অনুষ্ঠান,ভোটারদের আপ্যায়নের আয়োজন এবং উহাতে অংশগ্রহণ করিতে পারিবেন না।

৫। নির্বাচন বোর্ডের তত্ত্বাবধানে গ্রুপ ভিত্তিক সকল প্রার্থীর পরিচিতি সভার আয়োজন করা যাইবে।

৬। নির্বাচন অনুষ্ঠানের ৪৮ ঘন্টা পূর্ব হইতে সকল প্রকার নির্বাচনী প্রচারণা সম্পুর্নরূপে নিষিদ্ধ থাকিবে।

৭। নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে প্রার্থী অথবা তাহার সমর্থকদের সমাবেশ, জটলা, ব্যাজ ধারন ও পোস্টার বহন সম্পুর্ন নিষিদ্ধ থাকিবে।

৮। নির্বাচন বোর্ড কর্তৃক নির্দেশিত বিধান বহির্ভূতভাবে কোন প্রার্থী কিংবা ভোটার ভোট গ্রহণ এলাকায় অহেতুক অবস্থান করিতে পারিবেন না।

৯। নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের সভাপতিত্বে ও পরিচালনায় গ্রুপ ভিত্তিক সকল প্রার্থীর পরিচিত সভা অনুষ্ঠান করা যাইবে। প্রার্থীগণ সুনির্দিষ্ট সময়ের জন্য ভোটারদের উদ্দেশ্যে বক্তব্য পেশ করিতে পারিবেন। ব্যক্তিগত কুৎসা, অশালীন অথবা রাজনৈতিক বক্তব্য করা যাইবে না। প্রার্থী পরিচিতি সভার ব্যয় নির্বাহের জন্য নির্বাচন বোর্ড সকল প্রার্থীর উপর সমান হারে ফি ধার্য করিতে পারিবেন।

১০। এই নির্বাচন আচরণ বিধির এক বা একাধিক বিধান লংঘিত হইলে অথবা এই বিষয়ে কোন অভিযোগ উত্থাপিত হইলে সংশ্লিষ্ট পক্ষকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া নির্বাচন বোর্ড এই বিধি মোতাবেক সিদ্ধান্ত প্রদান করিবে। নির্বাচন বোর্ডের উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপত্তি থাকিলে সংশ্লিষ্ট পক্ষ আপীল বোর্ডের নিকট সাথে সাথে আপীল দায়ের করিবে। আচরনবিধি লংঘন সংক্রান্ত অভিযোগ নিস্পত্তির জন্য নির্বাচন বোর্ডের সুপারিশক্রমে সময়ে সময়ে নির্বাচন আপীল বোর্ডের সভা অনুষ্ঠিত হইবে এবং নির্বাচন অনুষ্ঠানের সময় আচরণ বিধি সংক্রান্ত এইরূপ অভিযোগ নিস্পত্তির জন্য আপীল বোর্ড নির্বাচন চলাকালীন সময়ে ভোট গ্রহণ কেন্দ্রে উপস্থিত থাকিবেন। আপীল বোর্ডের সভায় শুনানি গ্রহণ করা হইবে। এই শুনানির বিষয়ে যাবতীয় নোটিশ বোর্ডে এ বিষয়ে প্রদত্ত বিজ্ঞপ্তি এক মাত্র বৈধ নোটিশ বলিয়া গণ্য হইবে। শুনানি গ্রহন শেষে আপীল বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

চলমান পাতা-০২

Bangladesh Merchant Bankers Association

Saiham Sky View Tower (5th Floor)
45, Bijoynagar, Dhaka - 1000
Tel: 02-8392158, Fax: 02-8392159
Mobile: 01814-227983
e-mail: president.bmba@yahoo.com
president@bmba.com.bd
Website:www.bmba.com.bd



১১। নির্বাচন বোর্ড ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে প্রবেশের জন্য ভোটারের সংখ্যা নিয়ন্ত্রণ করিবেন। নির্বাচন বোর্ড, নির্বাচন কর্মকর্তা, আইন প্রয়োগকারী সংস্থার সদস্যবৃন্দ, নির্বাচন প্রার্থী এবং কেবলমাত্র ভোট দানের জন্য আগত ভোটার ভিন্ন অন্য কাহারও ভোট গ্রহণ কক্ষে প্রবেশাধিকার থাকিবে না।

১২। ভোট চিহ্ন প্রদানের জন্য নির্ধারিত গোপন কক্ষে এক সংগে একাধিক ভোটারের প্রবেশ নিষিদ্ধ থাকিবে। ভোট গ্রহণ কক্ষের বাহিরে ব্যালট পত্র নেওয়া যাইবে না।

১৩। ভোট গ্রহণ কক্ষে সকল ভোটার, নির্বাচন বোর্ড ও সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তার নিয়ন্ত্রণে বিধি মোতাবেক গোপন ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করিবেন। এই আদেশের বিধান লংঘন অথবা অসদাচরণ, প্রচারণা ও প্ররোচনায় লিপ্ত যে কোন প্রার্থী অথবা ভোটারকে নির্বাচন বোর্ড ভোট কেন্দ্রের এলাকা হইতে বহিষ্কার করিতে পারিবেন।

১৪। নির্বাচিত প্রার্থীবৃন্দ ভোট গ্রহণ এলাকা ও কক্ষে কেবল মাত্র নির্বাচন বোর্ড কর্তৃক সংরক্ষিত স্থান/আসনে অবস্থান করিতে পারিবেন এবং কেবলমাত্র নির্বাচন বোর্ডের অনুমতি গ্রহণ পূর্বক একমাত্র ভোট দানের উদ্দেশ্যে ভোট প্রদান কক্ষের সংশ্লিষ্ট এলাকায় বিধি মোতাবেক প্রবেশ করিতে পারিবেন।

১৫। কোন প্রার্থী, ভোট গ্রহণ কক্ষে কোন ভোটারের সংগে কোন প্রকার আলাপ ও প্রচারণায় লিপ্ত হইতে পারিবেন না।

১৬। চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত নহে কিংবা জাল ভোট দান কিংবা ইতোমধ্যে ভোট দিয়েছেন এমন ভোটারের বিরুদ্ধে অথবা অন্য কোন আচরণবিধি লংঘনের বিরুদ্ধে প্রার্থীগণ নির্বাচন বোর্ড ও নির্বাচন কর্মকর্তার নিকট আপত্তি দাখিল করিতে পারিবেন।

১৭। নির্বাচন বোর্ড এইরূপ দাখিলকৃত আপত্তি, অভিযোগের সুরাহা করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

১৮। নির্বাচন বোর্ড কিংবা নির্বাচনী কর্মকর্তার নিষেধ বা সতর্কীকরণ সত্ত্বেও কোন প্রার্থী ভোট গ্রহণ কক্ষে আলাপচারিতা ও প্রচারণায় লিপ্ত হইলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া বিধান অনুসরণপুর্বক তাহার প্রার্থী পদ বাতিল করা যাইবে।

১৯। নির্বাচন বোর্ড ব্যালট পত্রের ফরম নির্ধারন করিবে। ব্যালট পত্রের প্রথম অংশে ব্যালট পত্র নম্বর মুদ্রিত থাকিবে এবং ব্যালট পত্র আবশ্যিকভাবে বাণিজ্য সংগঠনের সীল ও নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের স্বাক্ষর সম্বলিত হইতে হইবে। অন্যথায় উহা গ্রহণযোগ্য হইবে না।

২০। ভোটার তালিকায় ভোটার নম্বর, ভোটারের নাম, তাহার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা এবং TIN নম্বর উল্লেখ করিতে হইবে। সংগঠনের দপ্তরে রক্ষিত সদস্য প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত সদস্যের নমুনা স্বাক্ষরের ভিত্তিতে অথবা নির্বাচন বোর্ড কর্তৃক প্রদত্ত ছবি সম্বলিত পরিচিতি পত্রের মাধ্যমে ভোটার সনাক্ত করা হইবে। উক্ত পরিচিতি পত্র না থাকিলে অথবা স্বাক্ষরে গরমিল হইলে ভোট প্রদান করা যাইবে না।

চলমান পাতা-০৩

Bangladesh Merchant
Bankers Association

Saiham Sky View Tower (5th Floor)
45, Bijoynagar, Dhaka - 1000
Tel: 02-8392158, Fax: 02-8392159
Mobile: 01814-227983
e-mail: president.bmba@yahoo.com
president@bmba.com.bd
Website:www.bmba.com.bd



২১। পরিচিতি পত্র অথবা নির্বাচন বোর্ড কর্তৃক সংগঠনের দপ্তরের রক্ষিত নমুনা স্বাক্ষরের ভিত্তিতে সন্দেহাতীতভাবে পুরণকৃত ব্যালট পত্রের প্রথম অংশ উক্ত ভোটারের স্বাক্ষর, নিজ স্বাক্ষর ও সীলসহ যথাযথ ভাবে পূরণকরতঃ ব্যালট পত্রের অপর অংশটি সংশ্লিষ্ট ভোটারকে প্রদান করিবেন এবং চূড়ান্ত ভোটার তালিকায় উক্ত ভোটারের নাম এর বিপরীতে ব্যালট পত্র নম্বর লিপিবদ্ধ করিয়া ভোটাধিকার প্রয়োগ রেকর্ড করিবেন। একজন ভোটারকে কোন অবস্থাতেই একাধিক ব্যালট পত্র প্রদান করা যাইবে না।

২২। শারীরিকভাবে অসমর্থ কোন ভোটার, সাহায্যকারী ব্যতিত ভোট দানে অপারগ হইলে নির্বাচন বোর্ড নির্বাচন কর্মকর্তাবৃন্দের মধ্য হইতে একজনকে ভোট প্রদান কক্ষে উক্ত ভোটারের সাহায্যকারী নিযুক্ত করিবেন।

২৩। ভোট গ্রহণ প্রারম্ভের অন্তত ১৫ মিনিট পূর্বে নির্বাচন বোর্ড নির্বাচন প্রার্থীগণের (যদি উপস্থিত থাকেন) সম্মুখে নিরীক্ষণ করিয়া শূন্যতার নিশ্চয়তার বিধান পুর্বক ব্যালট বাক্সটি বন্ধ ও সীল করিবেন এবং নির্বাচন বোর্ড, প্রার্থী ও ভোটারদের নিকট দৃশ্যমান একটি স্থানে স্থাপন করিবেন।

২৪। একটি ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে কোন গ্রুপের সংরক্ষিত আসনে নির্বাচনের জন্য একাধিক ব্যালট বাক্স ব্যবহার করা যাইবে না। একটি ব্যালট বাক্স পূর্ণ কিংবা আরও ভোট গ্রহণের জন্য নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের নিকট ব্যবহার অনুপযোগী প্রতীয়মাণ হইলে তিনি সংশ্লিষ্ট ব্যালট বাক্সটি সীল করিয়া নিরাপদ ও দৃশ্যমান স্থানে সংরক্ষণ করতঃ উহার স্থলে অপর একটি শূণ্য ও সীলকৃত ব্যালট বাক্সে ভোট গ্রহণ করিবেন।

২৫। ভোট গ্রহণের বিরতিকালে অথবা নির্বাচন বোর্ড কর্তৃক কেবলমাত্র সাময়িক প্রয়োজনে ভোট গ্রহণ স্থগিত করা হইলে ব্যালট বাক্স সীল করিয়া নির্বাচন বোর্ড কর্তৃক ভোট গ্রহণ পুনরায় আরম্ভ না করা পর্যন্ত সংরক্ষিত থাকিবে।

২৬। নির্বাচন তফসীল নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভোট কেন্দ্রে উপস্থিত সকল ভোটার ভোট দান করিতে পারিবেন।

২৭। ভোট প্রদান সমাপ্ত হইলে ভোট গ্রহণ বন্ধ করা হইবে। অতঃপর ভোট গণনা শুরু হইবে এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত একটানা চলিতে থাকিবে। প্রার্থীগণ ভোট গণনা করার সময় উপস্থিত থাকিতে পারিবেন। তবে কোন প্রার্থী ভোট গণনার সময় নিজে উপস্থিত না থাকিলে নির্বাচন বোর্ডের পূর্বানুমতিক্রমে তাঁহার পক্ষে একজন প্রতিনিধি নিযুক্ত করিতে পারিবেন।

২৮। নির্বাচন বোর্ড ভোট গণনার উদ্দেশ্যে ব্যালট বাক্স হইতে ব্যালট পত্র বাহির করিয়া প্রাপ্ত ব্যালট পত্রের সংখ্যা লিপিবদ্ধ করতঃ ভোট গণনা শুরু করিবে।

২৯। নির্বাচন কর্মকর্তার স্বাক্ষর ও সীল না থাকিলে ব্যালট পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৩০। নির্ধারিত সংখ্যক পদের অতিরিক্ত অথবা কম সংখ্যক প্রার্থীকে ভোট প্রদান করা হইলে ব্যালট পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

চলমান পাতা-০৪

Apodder    Mahaab

Bangladesh Merchant Bankers Association

Saiham Sky View Tower (5th Floor)
45, Bijoynagar, Dhaka - 1000
Tel: 02-8392158, Fax: 02-8392159
Mobile: 01814-227983
e-mail: president.bmba@yahoo.com
president@bmba.com.bd
Website:www.bmba.com.bd



৩১। কাটাকাটি, অভার রাইটিং সম্বলিত অস্পষ্ট ব্যালট পত্রের নির্দেশাবলী লংঘন করিয়া পূরণকৃত ব্যালট পত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

৩২। নির্বাচন বোর্ড বৈধ ব্যালট পত্রসমূহ হইতে প্রত্যেক প্রার্থীর পক্ষে প্রদত্ত ভোট গণনা করিয়া লিপিবদ্ধ করিবে। এই ভোট গণনায় নির্বাচন বোর্ড ও নির্বাচনী কর্মকর্তা ব্যতিত অন্য কেহ অংশ গ্রহণ করিতে পারিবে না।

৩৩। নির্বাচন বোর্ড ভোট গ্রহণ ও গণনা শেষে নির্বাচনের ফলাফল ঘোষণা ও প্রকাশ করিবে। অতঃপর নথিপত্রসমূহ পৃথকভাবে সীল স্বাক্ষরসহ সহ বান্ডিল করিয়া নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ডের যৌথ তত্ত্বাবধানে বিশেষ হেফাজতে সংরক্ষণ করিবে, যথাঃ-

৩৪। ব্যবহৃত ব্যালট পত্র (ক্রমিক নং ও সংখ্যা উল্লেখ করিতে হইবে)।

৩৫। বৈধ ব্যালট পত্র (সংখ্যা উল্লেখ করিতে হইবে)।

৩৬। বাতিল ঘোষিত ব্যালট পত্র (সংখ্যা উল্লেখ করিতে হইবে)।

৩৭। ব্যালট বহির সহিত সংযুক্ত সরবরাহকৃত ব্যালট পত্রের প্রথম অংশ। (সংখ্যা উল্লেখ করতে হবে) ।

৩৮। গণনাকারী ও নির্বাচন বোর্ড কর্তৃক স্বাক্ষরিত ভোট গণনা পত্রসমূহ।

৩৯। সংরক্ষিত উপর্যুক্ত নথিপত্র সমূহ কেবলমাত্র সংশ্লিষ্ট প্রার্থী অথবা প্রার্থীবৃন্দের উপস্থিতিতে 'নির্বাচন আপীল বোর্ড, এফবিসিসিআই আর্বিট্রেশন ট্রাইব্যুনাল, সরকার অথবা মাননীয় আদালতের নির্দেশ মোতাবেক পরীক্ষার উদ্দেশ্যে বান্ডিলমুক্ত করা যাইবে ।

(জনাবা অমিতা পোদ্দার)
সদস্য
নির্বাচন বোর্ড

Member
Election Board
Bangladesh Merchant
Bankers Association

(জনাবা কামরুন নাহার)
সদস্য
নির্বাচন বোর্ড

Member
Election Board
Bangladesh Merchant
Bankers Association

(জনাব মুহাম্মদ এ হাফিজ)
চেয়ারম্যান
নির্বাচন বোর্ড

Chairman
Election Board
Bangladesh Merchant
Bankers Association

বিতরনঃ

সকল সদস্যবৃন্দ (ডাক যোগে)
বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন